

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোম্ভাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৪৮. কোন মহিলাকে জাতীয় যে কোন বিষয়ে নেতৃত্ব দেয়ার সুযোগ দেয়া

আবু বাকরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) এর মুখ নিঃসৃত একটি বাণী উদ্ভীযুদ্ধ চলাকালীন সময়ে আমাকে অনেকটা ফায়দা দিয়েছিলো। আমি তখন উদ্ভী বাহিনীর পক্ষে যুদ্ধ করতে এক রকম প্রস্তুতিই নিচ্ছিলাম। যখন রাসূল (সা.) শুনছিলেন পারস্যবাসীরা কিস্রার মেয়েকে রাষ্ট্রপতি বানিয়ে নিয়েছিলো তখন তিনি বললেন:

لَنْ يُفْلِحَ قَوْمٌ وَلَّوْا أَمْرَهُمْ امْرَأَةً

"এমন কোন জাতি কখনো সফলকাম হতে পারে না যারা কোন মহিলাকে তাদের জাতীয় নেতৃত্ব হাতে উঠিয়ে দেয়"।[1]

>

ফুটনোট

[1] (বুখারী, হাদীস ৪৪২৫, ৭০৯৯)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11498

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন